

তেলাপিয়া বর্তমানে বাংলাদেশে মৎস্য চাষে একটি গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে। শুধুমাত্র পুরুষ তেলাপিয়া চাষকে মনোসেক্স তেলাপিয়া চাষ বলা হয়। এই মাছ দ্রুত ও অধিক বর্ধনশীল, সম্পূর্ণরূপে খাদ্য গ্রহণে অভ্যস্ত, প্রাকৃতিক খাবার গ্রহণের দক্ষ, উচ্চ রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন প্রতিকূল পরিবেশেও টিকে থাকে, অধিক ঘনত্বে চাষ করা যায়, অধিকন্তু প্রজননের জন্য পুকুরের পাড়ে গর্ত করে না বিধায় বর্তমানে শুধুমাত্র পুরুষ তেলাপিয়া বা মনোসেক্স তেলাপিয়া চাষে খামারীদের আগ্রহ বাড়ছে।

পুকুর ব্যবস্থাপনা

- পুকুর প্রথমে শুকিয়ে নিতে পারলে সবচেয়ে ভালো হয়। যদি তা সম্ভব না হয় তাহলে যে কোন প্রকারেই হোক (রোটেনন প্রয়োগ অথবা বারবার জাল টেনে) রাক্ষুখে ও অবাস্তিত মাছ দূর করতে হবে।
- তারপর শতাংশ প্রতি ১ কেজি হারে চুন প্রয়োগ করে ৫-৭ দিন পর যখন পুকুরে পর্যাপ্ত প্রাকৃতিক খাবার উপলব্ধ হবে তখন ২০-২৫ গ্রাম ওজনের পোনা হতে প্রতি শতাংশে ২০০-২৫০ টি হারে পোনা ছাড়তে হবে।
- ব্যবস্থাপনার সুবিধার জন্য শতাংশ প্রতি ৮-১০ টি শিং মাছের পোনা ছাড়া যেতে পারে।
- পুকুরে প্রাকৃতিক খাবারের প্রাচুর্যতা বজায় রাখার জন্য প্রতি ৭ দিন পরপর প্রতি শতাংশে ৪-৫ কেজি গোবর, ২-৩ কেজি মুরগির বিষ্ঠা, ৩৫ গ্রাম ইউরিয়া ও ২০ গ্রাম টিএসপি সার দেয়া যেতে পারে।
- পরবর্তীতে খাবার প্রয়োগের পরিমাণ বেড়ে গেলে সার প্রয়োগ বন্ধ করে দিতে হবে।

পুকুরে মাছের খাদ্য ব্যবস্থাপনা

খাবারের শ্রেণী	মাছের গড় দৈনিক ওজন (গ্রাম)	দৈনিক খাদ্য প্রয়োগ হার (দেহ ওজনের)	বার/দিন
স্টার্টার-১	২০-৫০	৮-১০%	৩ বার
স্টার্টার-২	৫০-১০০	৬-৮%	৩ বার
স্টার্টার-৩ গ্রোয়ার-১	১০০-২০০	৫-৬%	৩ বার
গ্রোয়ার-২	২০০ এর উপরে	১.৫-৪%	৩ বার

১০ (দশ) শতাংশের একটি পুকুরে ৬ মাস মনোসেক্স তেলাপিয়া চাষের খরচ নিম্নরূপ:

ক্রমিক নং	উপকরণের নাম	পরিমাণ/সংখ্যা	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)	
২.	চুন প্রয়োগ	১০ কেজি	১৫.০০	১৫০.০০	
৩.	তেলাপিয়া পোনা	২৫০০ টি	৩.০০	৭৫০০.০০	
৪.	শিং পোনা	১০০ টি	৫.০০	৫০০.০০	
৫.	রেডি ফিড(৫০কেজির বস্তা)	১৫ বস্তা	১১৫০.০০	১৭২৫০.০০	
৬.	ফিস মিল(৫০কেজির বস্তা)	২ বস্তা	২০০০.০০	৪০০০.০০	
৭.	খৈল (৫০কেজির বস্তা)	৩ বস্তা	১৯০০.০০	৫৭০০.০০	
৮.	ঔষধ	থোক	-	৩০০.০০	
১০.	জালটানা	৩ বার	৫০০.০০	১৫০০.০০	
১১.	পরিবহন	থোক	-	৫০০.০০	
৯.	শ্রমিক/পাহারাদার	২ জন/৬ মাস	৩০০.০০	৬০০.০০	
১২.	পুকুর লীজ	৬ মাস	৫০০০.০০	২৫০০.০০	
১৩.	অন্যান্য (যেমন পুকুর পাড় মেরামত, আগাছা পরিষ্কার)	থোক	-	৫০০.০০	
				মোট	৪৪০০০.০০

তেলাপিয়া হতে আয়
উৎপাদিত তেলাপিয়া=২২০০ টি(প্রতিটি ২২০ গ্রাম)=৪৮৪ কেজি
প্রতি কেজি তেলাপিয়া মাছের বিক্রয়মূল্য=১৪০.০০ টাকা
মোট তেলাপিয়া মাছের বিক্রয়মূল্য=৬৭৭৬০.০০ টাকা

শিং হতে আয়
উৎপাদিত শিং =৯০ টি(প্রতিটি ৭০ গ্রাম)=৬ কেজি (প্রায়)
প্রতি কেজি শিং মাছের বিক্রয়মূল্য=৫০০.০০ টাকা
মোট শিং মাছের বিক্রয়মূল্য=৩০০০.০০ টাকা

মোট মাছের বিক্রয়মূল্য=৭০৭৬০.০০ টাকা

নীট লাভ=(৭০৭৬০.০০-৪৪০০০.০০)= ২৬৭৬০.০০ টাকা



টিপস্

- মজুদ পুকুরে প্রতি সপ্তাহে নমুনায়ন করে খাদ্য প্রয়োগের মাত্রা নির্ধারণ করতে হবে।
- ভাসমান খাদ্য ব্যবহার করলে খাদ্যের অপচয় কম হয় এবং ভাল ফল পাওয়া যায়।
- মাছের গড় ওজন যখন ১০০ গ্রাম এর বেশি হয় তখন হতেই দৈনিক ৫% হারে পুকুরের পানি পরিবর্তন করে দিলে ভাল ফল পাওয়া যায়।
- মজুদের ১০০-১২০ দিন এর ভিতরে মাছের ওজন দাঁড়ায় ২০০-২৫০ গ্রাম। তখন হতেই এই মাছ আহরণপূর্বক বিক্রির ব্যবস্থা নেয়া যেতে পারে।
- ১৮০-২১০ দিন পর মাছের গড় ওজন হয় ৪৫০-৫০০ গ্রাম।
- ব্যবসা করার জন্য মানসিকভাবে প্রস্তুতি নিন। 'খুব দ্রুত এবং সহজে সাফল্য আসবে' এই মনোভাব ত্যাগ করুন।
- প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে নিজেকে প্রস্তুত করুন।
- ব্যবসা পরিকল্পনা, উপকরণ, সম্ভাব্য লাভ-ক্ষতি, ঝুঁকি, বিনিয়োগ প্রভৃতি সম্পর্কে BIID এর সহায়তা নিন।

